



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন

## BANGLADESH FOOTBALL FEDERATION

বিজ্ঞপ্তি নং- ৩৫/২০২২

তারিখঃ ১৯-০৯-২০২২

### বিজ্ঞপ্তি

বরাবরঃ বাংলাদেশ ফুটবল ফেডারেশনের আওতাধীন সদস্য সংস্থাসমূহ।

বিষয়ঃ ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩’ এ অংশগ্রহণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক ক্লাব লাইসেন্সিং প্রক্রিয়া সম্পন্ন করতঃ ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩’ আয়োজন করা হবে। এ লক্ষ্যে যে সকল ক্লাব/সংস্থার ফুটবল দল ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩’ এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাব/সংস্থাসমূহকে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩’ উপলক্ষ্যে বাফুফে কর্তৃক প্রণীত ‘BFF Club Licensing Regulations 2022-23 For BCL’ এবং ‘BFF Club Licensing Regulations 2022-23’ এ বর্ণিত শর্তাদির আলোকে Core Process Timeline (কপি সংযুক্ত) অনুযায়ী প্রয়োজনীয় কাগজ পত্রাদি মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর প্রেরণের সময়সীমা ২২-০৯-২০২২ তারিখ পর্যন্ত নির্ধারিত থাকলেও উক্ত সময়সীমা আগামী ৩০-০৯-২০২২ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

এমতাবস্থায় যে সকল ক্লাব/সংস্থা ‘বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২২-২৩’ এ অংশগ্রহণে আগ্রহী সে সকল ক্লাব/সংস্থাসমূহকে ‘BFF Club Licensing Regulations 2022-23 For BCL’ এবং সংযুক্ত Core Process Timeline অনুযায়ী ‘BFF Club Licensing Application Manual 2022-23’ এর বিভিন্ন নির্ণায়কসমূহ যথাযথভাবে সংযুক্ত/পূরণপূর্বক প্রয়োজনীয় ডকুমেন্ট/কাগজ পত্রাদি সংযুক্তি হিসেবে আগামী ৩০-০৯-২০২২ তারিখের মধ্যে মতিঝিলস্থ বাফুফে সচিবালয় বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

সংশ্লিষ্ট বিষয়ে যে কোন প্রয়োজনে বাফুফে ক্লাব লাইসেন্সিং অফিসার জনাব মোঃ মিরাজুল ইসলাম (মোবাইলঃ +৮৮০১৭০৮৪৫৪৫৯৮, ই-মেইলঃ miraj.bff@gmail.com) এর সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন

  
মোঃ আবু নাইম সোহাগ  
সাধারণ সম্পাদক



### বিতরণঃ

- ১। বাফুফে কার্যনির্বাহী কমিটি।
- ২। বাফুফে’র আওতাধীন সকল এসোসিয়েশন/সংস্থা।
- ৩। বাফুফে নোটিশ বোর্ড।

সংযুক্তিঃ Core Process Timeline (এক কপি)।